কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

স্মারক নং-কু:বি:/রেজি./মেধাবৃত্তি(অভ্যন্তরীণ)-৯২৮/২০০৯/ ২০২২ তারিখ: ২৮/০৫/২০২৫খ্রি

প্রাপক,
বিভাগীয় প্রধান,
গণিত/ পদার্থবিজ্ঞান/ রসায়ন/ পরিসংখ্যান/ ফার্মেসী/ ইংরেজি/ বাংলা/ লোক প্রশাসন/ অর্থনীতি/নৃবিজ্ঞান/ প্রত্নতত্ত্ব / গণযোগাযোগ ও সাংবাদিকতা/ আইন / সিএসই/ আইসিটি/ এআইএস/ মার্কেটিং/ ব্যবস্থাপনা শিক্ষা/ ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ, কুমিল্লা বিশ্ববিদ্যালয়।

বিষয়ঃ মেধাবৃত্তি ও আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদেরকে ভাইস চ্যান্সেলর স্কলারশীপ প্রদানের নিমিত্ত মনোনয়ন আহবান।

জনাব

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীদের ভাইস-চ্যান্সেলর স্কলারশীপ প্রদান বিষয়ক নীতিমালা কমিটির সুপারিশক্রমে শিক্ষার্থীদেরকে বৃত্তি প্রদানের নিমিত্তে বিভাগসমূহ হতে তালিকা আহ্বান করা যাচ্ছে। নতুন নীতিমালার আলোকে স্নাতক (সম্মান) শ্রেণীর ফলাফলের (CGPA) ভিত্তিতে স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে প্রতিটি বিভাগ হতে ২ (দুই) জন করে (১৯×২) মোট ৩৮(আটত্রিশ) জন শিক্ষার্থীকে মেধাবৃত্তি প্রদান করা হবে। স্নাতক পর্যায়ে ১ম বর্ষ হতে ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে প্রতিটি সেশন হতে ২ (দুই) জন করে বিভাগ প্রতি ০৮ (আট) জন এবং ফার্মেসী বিভাগের অতিরিক্ত একটি সেশনসহ (৫ম বর্ষ) মোট ১৫২+২=১৫৪ (একশত চুয়ান্ন) জন মেধাবী অস্বচ্ছল শিক্ষার্থীদেরকে বৃত্তি প্রদান করা হবে। বিভাগীয় প্রধান, বিভাগীয় ছাত্র উপদেষ্টা ও বিভাগ কর্তৃক মনোনীত বিভাগের একজন শিক্ষকসহ ৩ সদস্যর একটি কমিটি গঠনের মাধ্যমে মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থী নির্বাচন করে তাদের তালিকা ফলাফল বিররণীসহ রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখায় আগামী ২৪ জুন ২০২৫খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ভাইস-চ্যান্সেলর স্কলারশীপ নতুন নীতিমালর কপি (২ পাতা)।

২৮/০৫/২০২৫

(অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
কুমিল্লা বিশ্ববিদ্যালয়

২৮/০৫/২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

০১। ডিন, বিজ্ঞান/কলা ও মানবিক / সামাজিক বিজ্ঞান/আইন / প্রকৌশল/ বিজনেস স্টাডিজ অনুষদ, কু.বি.।
০২। ছাত্র উপদেষ্টা, কু.বি.।
০৩। সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহকারে), কু.বি
০৪। জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচার ও সংরক্ষণের অনুরোধসহকারে), কু.বি.।
০৫। পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
০৬। পিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
০৭। পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কু:বি:।
০৮। সকল নোটিশ বোর্ড, কু.বি.।
০৯। অফিস কপি।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কোটবাড়ী, কুমিল্লা।

বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীদের ভাইস-চ্যান্সেলর স্কলারশীপ প্রদান বিষয়ক নীতিমালা

উদ্দেশ্যঃ মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীদের আর্থিক প্রণোদোনার মাধ্যমে উৎসাহিত করে উচ্চ শিক্ষার গতি চলমান রাখা।

তহবিলের উৎস : রাজস্ব, নিজস্ব ও অনুদান।

বৃত্তির সংখ্যাঃ ক) স্নাতক (সম্মান) শ্রেণীর ফলাফলের ভিত্তিতে স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে প্রতিটি বিভাগ হতে ০২ (দুই) জন করে মোট-৩৮ (আটত্রিশ) জন শিক্ষার্থীকে মেধাবৃত্তি প্রদান করা হবে।

খ) স্নাতক পর্যায়ে ১ম বর্ষ হতে ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে প্রতিটি সেশন হতে ০২ (দুই) জন করে বিভাগ প্রতি ০৮ (আট) জন এবং ফার্মেসী বিভাগের অতিরিক্ত একটি সেশনসহ মোট ১৫২+২=১৫৪ (একশত চুয়ান্ন) জন অস্বচ্ছল শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে।

গ) কর্তৃপক্ষ প্রয়োজনে তহবিলের পর্যাপ্ততা বিবেচনায় বৃত্তির সংখ্যা কম-বেশী করতে পারবেন।

মনোনয়ন প্রক্রিয়াঃ ক) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের একাডেমিক শাখা উপাচার্য মহোদয়ের সদয় অনুমোদনক্রমে বৃত্তির জন্য শিক্ষার্থী মনোনয়ন চেয়ে বিজ্ঞপ্তি জারি করবেন।

খ) বিজ্ঞপ্তি জারির পর বিভাগীয় প্রধানগণ তাঁদের স্ব স্ব বিভাগে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করার মাধ্যমে মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থী নির্বাচন করে তাঁদের তালিকা রেজিস্ট্রার দপ্তরে প্রেরণ করবেনঃ

বিভাগীয় প্রধান	সভাপতি
বিভাগীয় ছাত্র উপদেষ্টা	সদস্য
বিভাগ কর্তৃক মনোনীত বিভাগের একজন শিক্ষক.	সদস্য

গ) স্নাতক পর্যায়ে নির্বাচনের ক্ষেত্রে প্রতিবর্ষে প্রথম সাত জনের মধ্য থেকে ০২ (দুই) জন মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থী বৃত্তির জন্য নির্বাচন করবেন।

ঘ) মেধাবী নির্ধারণ করতে গিয়ে কোন বিভাগে যদি একাধিক শিক্ষার্থী একই সিজিপিএ প্রাপ্ত হন, তাহলে এ ক্ষেত্রে দশমিকের পর তাদের তৃতীয় অংক বিবেচনা করে একক প্রার্থী বাছাই করবেন।

২৮/০৩/২৪ ২৮/০৩/২০২৪ ২৮/০৩/২০২৪

ঙ) বৃত্তির জন্য শিক্ষার্থী নির্বাচনের ক্ষেত্রে জেন্ডার সমতার বিষয়টি খেয়াল রাখতে হবে।

চ) তালিকা প্রাপ্তির পর কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেজিস্ট্রার অফিস আদেশ জারি করবেন।

বৃত্তির হার: প্রতিবছর তহবিলের প্রাপ্যতার উপর ভিত্তি করে কর্তৃপক্ষ বৃত্তি ও মেধাবৃত্তির হার নির্ধারন করবেন।

২৮/১০/২৪

(মো: নাছির উদ্দিন)
উপ-পরিচালক (অর্থ ও হিসাব)
ও
সদস্য-সচিব, ভাইস চ্যান্সেলর স্কলারশীপ নীতিমালা প্রণয়ন কমিটি
কুমিল্লা বিশ্ববিদ্যালয়,কুমিল্লা।

২৮/১০/২০২৪

(ড. মোহাম্মদ আনোয়ার হোসেন)
অধ্যাপক, গনিত বিভাগ
ও
সদস্য, ভাইস চ্যান্সেলর স্কলারশীপ নীতিমালা প্রণয়ন কমিটি
কুমিল্লা বিশ্ববিদ্যালয়,কুমিল্লা।

২৮/১০/২০২৪

(ড. মো: জাকির ছায়াদ উল্ল্যাহ খান)
অধ্যাপক, অর্থনীতি বিভাগ
ও
আহ্বায়ক, ভাইস চ্যান্সেলর স্কলারশীপ নীতিমালা প্রণয়ন কমিটি
কুমিল্লা বিশ্ববিদ্যালয়,কুমিল্লা।